গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
প্রশাসন-১ শাখা
৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

নম্বর ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.১৬১

তারিখ: ২ ভাদ্র ১৪২৯
১৭ আগস্ট ২০২২

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **টেলিযোগাযোগ অধিদপ্তরের আগষ্ট, ২০২২ মাসের মাসিক সমন্বয় সভার নোটিশ।**

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, টেলিযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে আগষ্ট, ২০২২ মাসের মাসিক সমন্বয় সভা আগামী ২২-০৮-২০২২ খ্রিঃ তারিখ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় অধিদপ্তরের সম্মেলন কক্ষে ( কক্ষ নম্বর ৪০৩ ) অনুষ্ঠিত হবে।

সভার আলোচ্যসূচী চূড়ান্তকরণের নিমিত্তে পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন এবং সভায় উপস্থাপনযোগ্য সুনির্দিষ্ট এজেন্ডাসমূহ উপপরিচালক (প্রশাসন) এর ইমেইলে (dd.admin@telecomdept.gov.bd) আগামী ২১/০৮/২০২২ তারিখ বিকাল ০৩:৩০ ঘটিকার মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উক্ত সভায় অধিদপ্তরের সহকারি পরিচালক / সমপর্যায় (৯ম গ্রেড) ও তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণ সভায় অংশগ্রহণ করবেন।

খসড়া আলোচ্যসূচী নিম্নরূপ-

০১) পূর্ববর্তী সমন্বয় সভার কার্য্য বিবরণী পাঠ, অনুমোদন ও দৃঢ়ীকরণ।
০২) সুবিধাবঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা ডিজিটালকরণ প্রকল্পের অগ্রগতি।
০৩) সিটিডিআর সেন্টারের সার্বিক কার্যাবলীর মাসিক প্রতিবেদন।

০৪)  অধিদপ্তরের প্রদত্ত সেবা বিষয়ক মাসিক মনিটরিং প্রতিবেদন।

০৫) বিবিধ।

সংযুক্তি : পূর্ববর্তী সভার কার্যবিবরণী।



১৭-৮-২০২২
মোঃ মফিজ উদ্দিন
পরিচালক
ফোন: +৮৮০-২-৯৮৩০৪০০
ফ্যাক্স: 880-2-9830922
ইমেইল:
dir.admin@telecomdept.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত মহাপরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

২) পরিচালক (সকল)/ পরিচালক (ইঞ্জিঃ) (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৩) উপপরিচালক (সকল)/ বিভাগীয় প্রকৌশলী (সকল)/ চীফ সুপার (টেলিগ্রাফ), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৪) উপপরিচালক, আইসিটি বাস্তবায়ন অধিশাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর (ওয়েব সাইটে আপলোডের নিমিত্তে)

৫) সিনিয়র সহকারী পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৬) বিভাগীয় প্রকৌশলী (প্রশাসন-১), টেলিযোগাযোগ অধিদপ্তর (ডিজি মহোদয়ের সদয় অবগতির জন্য)

৭) সহকারী পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৮) সহকারী পরিচালক (প্রশাসন-২), টেলিযোগাযোগ অধিদপ্তর (সভায় আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

৯) অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
প্রশাসন-১ শাখা
৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

DOT
ডিপার্টমেন্ট অফ টেলিকমিউনিকেশন্স

নম্বর ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.১৪৬

তারিখ: ১২ শ্রাবণ ১৪২৯
২৭ জুলাই ২০২২

...

বিষয়: **টেলিযোগাযোগ অধিদপ্তরে কর্মরত নবম ও তদুর্ধ কর্মকর্তাগণের অংশগ্রহণে শারিরিক উপস্থিতিসহ অনুষ্ঠিত আন্তঃ দপ্তর পর্যায়ের মাসিক সমন্বয় সভার (জুলাই, ২০২২) কার্যবিবরণী।**

সূত্র : ডিওটির স্মারক নং-১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.১৩৩, তারিখ-১৮/০৭/২০২২ খ্রিঃ।

সূত্রোস্থিত স্মারকের আলোকে টেলিযোগাযোগ অধিদপ্তরের জুলাই, ২০২২ মাসের মাসিক সমন্বয় সভা শারিরিক উপস্থিতিসহ গত ১৯/০৭/২০২২ তারিখ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় অধিদপ্তরের সম্মেলন কক্ষে (কক্ষ নং-৪০৩) অনুষ্ঠিত হয়। টেলিযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অধিদপ্তরের বিভিন্ন কার্যালয়ে কর্মরত নবম ও তদুর্ধ গ্রেডের কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন (হাজিরা প্রতিবেদন সংযুক্ত)। জুন, ২০২২ মাসের মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা এবং জুলাই, ২০২২ মাসের মাসিক সমন্বয় সভায় উপস্থাপিত এজেন্ডাসমূহের উপর বিস্তারিত আলাচেনার আলোকে কার্যবিবরণী প্রস্তুত করা হয়েছে।
উক্ত কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্তে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে ০৬ (ছয়) পাতা।

২৭-৭-২০২২
মোহাম্মদ আব্দুল মোকাদ্দেম
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: +৮৮০-২-৯৮৩০৯১১
ফ্যাক্স: +৮৮০-২-৯৮৩০৯৮০

বিতরণ :-
১) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ/ কারিগরি/ রেগুলেটরি), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৩) পরিচালক (সকল)/ পরিচালক (ইঞ্জিঃ), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৪) উপপরিচালক (সকল)/ বিভাগীয় প্রকৌশলী/ চিফ সুপার (টেলিগ্রাফ), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৫) সিনিয়র সহকারী পরিচালক/ উপবিভাগীয় প্রকৌশলী, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৬) সহকারী পরিচালক (সকল)/ সহকারী প্রকৌশলী/ হিসাব রক্ষণ কর্মকর্তা, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৭) অফিস কপি।

# টেলিযোগাযোগ অধিদপ্তরের জুলাই, ২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্য্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | জনাব মোঃ আব্দুল মোকাদ্দেম, মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), টেলিযোগাযাগ অধিদপ্তর। |
| সভার তারিখ | ১৯ জুলাই, ২০২২ খ্রিঃ/ ০৪ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ রোজ মঙ্গলবার |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা, |
| স্থান | সভা কক্ষ (কক্ষ নং-৪০৩), টেলিযোগাযোগ অধিদপ্তর, ৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা, তেজগাঁও, ঢাকা। |
| উপস্থিতি | অধিদপ্তরের সহকারী পরিচালক/ সমপর্যায় হতে তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণ (পরিশিষ্ট-ক দ্রষ্টব্য)। |

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভার আলোচ্যসূচী অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়সমূহ বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:-

| ক্র. | আলোচ্য বিষয়ের শিরোনাম | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| ১) | জুন. ২০২২ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্য্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ | ১৪/০৬/২০২২ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত জুন, ২০২২ মাসের সমন্বয় সভার কার্য্যবিবরণী ইনথিতে সংশ্লিষ্ট সকলের নিকট ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। উক্ত কার্য্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকলে সর্বসম্মতিক্রমে অনুমোদন পূর্বক দৃঢ়ীকরণ করা যেতে পারে। | ক) সভার কার্যবিবরণী প্রস্তুতের নিমিত্তে এজেন্ডাওয়ারী খসড়া কার্যবিবরণী একজন লিপিবদ্ধ করবেন এবং সভা শেষে উহা সভায় উপস্থাপন করতে হবে। | ক) পূর্ববর্তী সভার কার্যবিবরণীর উপর কাহারও কোন আপত্তি ও সংশোধনী ও সংযোজনী প্রস্তাব না থাকায় জুন, ২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হলো।<br>খ) সভার এজেন্ডাওয়ারী খসড়া কার্যবিবরণীর কপি সভা শেষে প্রস্তুত করে অনুষ্ঠিত সভার পরের দিন ইমেইলে সকলের নিকট প্রেরণ করতে হবে। কর্মকর্তাগণ ০২ (দুই) কার্যদিবসের মধ্যে তাঁদের মতামত দিবেন। প্রাপ্ত মতামতের আলোকে চুড়ান্ত কার্যবিবরণী মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে ০১ (এক) সপ্তাহের মধ্যে জারী করতে হবে। | প্রশাসন উইং |
| ০২ | সিটিডিআর প্রকল্প ও সিটিডিআর সেন্টারের দৈনন্দিন কার্যক্রম | ১) "Supply, Installation, Testing and Commissioning of Equipment for Capacity Enhancement and System Augmentation of Cyber Threat Detection and Response System" কাজের Installation. | ১) পরিচালক (সমন্বয়-পিএসটিএন ও গেটওয়ে) ও অতিরিক্ত দায়িত্ব সিটিডিআর সেন্টার সভায় অবহিত করেন যে,<br>ক) সাইটসমূহে যন্ত্রপাতি সরবরাহের কাজ শেষ হয়েছে।<br>খ) উক্ত কাজের আওতায় ০৫ (পাঁচ) টি সাইটে যন্ত্রপাতি স্থাপনের পরিকল্পনা ছিল। এর মধ্যে ০৪ (চার) টি সাইটের কাজ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। ০১ টি সাইট (চট্টগ্রাম) এর কাজ চলমান রয়েছে।<br>গ) স্থাপিত যন্ত্রপাতিসমূহের ট্রেনিং কার্যক্রম চলমান যা এ সপ্তাহে সমাপ্ত হবে। | ১) Installation কার্যক্রম শেষ হওয়ার পরে সভাকে অবহিত করতে হবে। | পরিচালক (সমন্বয়-পিএসটিএন ও গেটওয়ে) ও অতিরিক্ত দায়িত্ব সিটিডিআর সেন্টার |

২৬/০৭/২০২২
আহাম্মদ উল্লাহ
উপ-পরিচালক (প্রশাসন)
টেলিযোগাযোগ অধিদপ্তর

২৬/৭/২২
(প্রকৌঃ মোঃ মহিউদ্দিন)

২৬/৭/২২
(মোঃ তাসকিনুর রহমান)
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাঃ ও অর্থ)
টেলিযোগাযোগ অধিদপ্তর

২৬/৭/২২
মোঃ আব্দুল মোকাদ্দেম
মহাপরিচালক (অঃ দাঃ)
টেলিযোগাযোগ অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা।
ফোন-০২-৯৮৩০৯১১

| ক্র. | আলোচ্য বিষয়ের শিরোনাম | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| ০২ | সিটিডিআর প্রকল্প ও সিটিডিআর সেন্টারের দৈনন্দিন কার্যক্রম | ২) CTDR Maintenance Contract May' 2022—এ সমাপ্ত হয়েছে। নতুন করে AMC করার বিষয়ে OEM কোম্পানীর সঙ্গে Virtual meeting করা হয়েছে। ক্রয় প্রক্রিয়া শুরু করতে হবে। | ২) পরিচালক (সমন্বয়-পিএসটিএন ও গেটওয়ে) ও অতিরিক্ত দায়িত্ব সিটিডিআর সেন্টার সভায় অবহিত করেন যে,<br>প্রকল্প সমাপ্তির ০১ (এক) বছরের ওয়ারেন্টি পিরিয়ড শেষ হওয়ার পর আরও ০২ (দুই) বছরের পোষ্ট মেইনটেন্যান্স পিরিয়ড ছিল যা শেষ হয়ে যাওয়ায় AMC (Annual Maintenance) চুক্তি সম্পাদন করতে হবে। চুক্তিনামা সরাসরি ক্রয় পদ্ধতিতে করা যেতে পারে। লোকাল ভেন্ডর এবং মূল প্রতিষ্ঠান OEM কোম্পানীর সাথে সিস্টেমের খুটিনাটি বিষয় নিয়ে ভার্চ্যুয়াল সভা অনুষ্ঠিত হয়েছে।<br>AMC জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ চেয়ে মহাপরিচালক বরাবরে পত্র প্রদান করা হয়েছে।<br>এই প্রেক্ষিতে পরিচালক (অর্থ) জানান যে, AMC জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দের বিষয়টি ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট প্রাক্কলনের সময় উল্লেখ করা হয়নি। উল্লেখ্য যে, এই খাতে মাত্র ০১ (এক) কোটি টাকা বরাদ্দ আছে যা এনটিটিএন সমূহের অপটিক্যাল ফাইবারের ভাড়া বাবদ ব্যয় করার পরিকল্পনা রয়েছে। উল্লেখ্য যে, বরাদ্দকৃত এই ব্যয়টি সম্পাদনের পূর্বে অর্থ বিভাগের পূর্বানুমতি গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। | ২) সংশ্লিষ্ট রক্ষণাবেক্ষন খাতে বরাদ্দ না থাকলেও অআর্থিক সম্পদ খাতের আওতায় টেলিযোগাযোগ সরঞ্জামাদি খাতে ২০২২-২০২৩ অর্থ বছরে ১০ (দশ) কোটি টাকা বরাদ্দ রয়েছে। এর মধ্যে ৪.৫ কোটি টাকা বিগত অর্থ বছরের চলমান কাজের জন্য পরিশোধ করতে হবে। বাকী ৫.৫ কোটি টাকার মধ্যে এএমসি পরিকল্পনা বাস্তবায়নযোগ্য হলে এ বিষয়ে পরিচালক (সমন্বয়-পিএসটিএন ও গেটওয়ে) ও অতিরিক্ত দায়িত্ব সিটিডিআর সেন্টার পত্র প্রদান করবেন। সংশ্লিষ্ট পত্র পাওয়ার পর অআর্থিক খাতের ৫.৫ কোটি টাকা রক্ষণাবেক্ষন খাতের অন্তর্ভূক্ত টেলিযোগাযোগ সরঞ্জামাদি খাতে পুনঃউপযোজন এর জন্য প্রয়োজনীয় প্রক্রিয়া আরম্ভ করতে হবে। | ক) পরিচালক (সমন্বয়-পিএসটিএন ও গেটওয়ে) ও অতিরিক্ত দায়িত্ব সিটিডিআর সেন্টার<br><br>খ) পরিচালক (অর্থ) |
| | | ৩) NOC এর Fire protection system ক্রয়ের নিমিত্ত Quotation আহবান করা হয়েছে। | ৩) NOC এর Fire protection system কাজ বাস্তবায়নের নিমিত্তে Craytec এর সহিত রক্ষণাবেক্ষন চুক্তি হয়েছে। | কাজের অগ্রগতির বিষয়ে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | পরিচালক (সমন্বয়-পিএসটিএন ও গেটওয়ে) ও অতিরিক্ত দায়িত্ব সিটিডিআর সেন্টার |
| | | ৪) BTCL এর সহিত Transmission Link ভাড়া চুক্তি প্রক্রিয়াধীন আছে। বিটিসিএল হতে Quotation পাওয়া গেছে। | ৪) বিটিসিএলের Transmission Link ভাড়ার নিমিত্তে চুক্তিনামা সম্পাদন করতে হবে। | চুক্তিনামা সম্পাদনের পর কাজের অগ্রগতির বিষয়ে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | -ঐ- |
| | | ৫) CTDR Phase-II এর DPP অনুমোদিত হয়েছে। | ৫) সিটিডিআর ফেইজ-২ প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ প্রক্রিয়া চলমান আছে। আগামী ২৫শে জুলাই ডাক ও টেলিযোগাযোগ বিভাগে এ বিষয়ে সভা অনুষ্ঠিত হবে। | প্রকল্প পরিচালক নিয়োগের পর তিনি যেন স্বল্পতম সময়ে কার্যক্রম গ্রহণ করতে পারেন সে বিষয়ে ব্যবস্থা নিতে হবে। | ক) পরিচালক (সমন্বয়-মোবাইল)<br>খ) পরিচালক (সমন্বয়-পিএসটিএন ও গেটওয়ে) ও অতিরিক্ত দায়িত্ব সিটিডিআর সেন্টার<br>গ) পরিচালক (প্রশাসন)<br>ঘ) পরিচালক (অর্থ) |

২৬/০৭/২০২২
আহাম্মদ উল্লাহ
উপ-পরিচালক (প্রশাসন)
টেলিযোগাযোগ অধিদপ্তর
৪২৩-৪২৮, তেজগাঁও শি/এ, ঢাকা-১২০৮
ফোন: ০২-৯৮৩০৮৩৩

২৬/৭/২২
(মোঃ মফিজ উদ্দিন)
পরিচালক (টেলিকম)
(প্রশাসন)
টেলিযোগাযোগ অধিদপ্তর
৪২৩-৪২৮, তেজগাঁও শি/এ, ঢাকা-১২০৮
ফোন: ০২-৯৮৩০৮৪৫

২৬/৭/২২
(মোঃ তাসকিনুর রহমান)
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাঃ ও অর্থ)
টেলিযোগাযোগ অধিদপ্তর
৪২৩-৪২৮, তেজগাঁও শি/এ, ঢাকা-১২০৮
টেলিফোন: + ৮৮০২-০২-৯৮৩১০০০

২৬/৭/২২
মোঃ আব্দুল মোকাদ্দেম
মহাপরিচালক (অঃ দাঃ)
টেলিযোগাযোগ অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা।
ফোন-০২-৯৮৩০৯১১

| ক্র. | আলোচ্য বিষয়ের শিরোনাম | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| ৩) | সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা ডিজিটালকরন শীর্ষক প্রকল্পের মাসিক প্রতিবেদন। | ক) প্রকল্পের আওতায় ৬৫০ টি স্কুল ও ২৮ টি পাড়াকেন্দ্রের মধ্যে ৫৩০ টি স্কুল ও পাড়াকেন্দ্রের ১৫৩৪ টি ক্লাশরুমে ইলেকট্রিক্যাল মালামালের ডেলিভারী কাজ সম্পন্ন হয়েছে।<br>খ) ৫১২ টি স্কুল ও পাড়াকেন্দ্রের ১৪৮০ টি ক্লাশরুমে ইলেকট্রিক্যাল কাজের ইনষ্টলেশন সম্পন্ন হয়েছে।<br>গ) ৬৭০ টি স্কুল ও পাড়াকেন্দ্রের ১৯৫৪ টি ক্লাশরুমে আইটি অংশের ডেলিভারী কাজ সম্পন্ন হয়েছে।<br>ঘ) ৫২৬ টি স্কুল ও পাড়াকেন্দ্রের ১৫৫০ টি ক্লাশরুমে আইটি অংশের ইনষ্টলেশনের কাজ সম্পন্ন হয়েছে।<br>ঙ) প্রকল্পের আওতায় সম্মানিত শিক্ষকগণের প্রশিক্ষণ কর্মসূচী ২০/০৭/২০২২ তারিখ হতে শুরু হবে।<br>চ) প্রশিক্ষণ কর্মসূচী শেষে প্রকল্পের PAT (Provisional Acceptance Test) কাজ শুরু হবে। | প্রকল্পের কাজ আগামী আগষ্ট মাসে শেষ হবে আশা করা যায়। মাননীয় মন্ত্রী মহোদয় ২০/০৭/২০২২ প্রশিক্ষণ উদ্বোধন করবেন। ২০ ও ২১ তারিখ ডিওটিতে প্রশিক্ষণ হবে। সারা দেশের ১৪ টি ভেন্যুতে প্রশিক্ষণ হবে। ০৩ জন শিক্ষক (০১ জন পরে আসবে) ও ০১ জন শিক্ষা অফিসার সমন্বয়ে সর্বমোট ১৫২ জন প্রশিক্ষণ নেবেন। | লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যসম্পাদনের ক্ষেত্রে সচেষ্ট থাকতে হবে। | প্রকল্প পরিচালক "সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা ডিজিটালকরন" শীর্ষক প্রকল্প |
| ৪) | জুন/ ২০২২ মাসের অধিদপ্তরের প্রদত্ত বিবিধ সেবা বিষয়ক প্রতিবেদন উপস্থাপন ও পর্যালোচনা | অধিদপ্তরের প্রশাসন ও অর্থ বিভাগ হতে প্রদত্ত কর্মকর্তা-কর্মচারীগণের অধিদপ্তরে যোগদান ও পদস্থাপন, পিআরএল ও লাম্পগ্র্যান্ড মঞ্জুরী, পেনশন ও আনুতোষিক মঞ্জুরী, জিপিএফ মঞ্জুরী, কল্যাণ বিষয়ক মঞ্জুরী, পাসপোর্ট/ এনওসি ও বিভিন্ন প্রকার ছুটি মঞ্জুরী ইত্যাদি বিষয়ক জুন, ২০২২ মাসের প্রতিবেদন উপস্থাপন। | সেবা মনিটরিং প্রতিবেদন সভা শুরুর আগের দিন ইমেইলে দিতে হবে। উপপরিচালক (অর্থ) জানান সিএএন্ডএফও অফিসের ফেরত কেসের সংখ্যা ছিল ০৭ টি ছিল যা চলতি মাসে ০৫ টি। সিএএন্ডএফ অফিসের আপত্তির জবাব দিয়ে নিষ্পত্তি করতে হবে। প্রয়োজনে আপত্তিকৃত কেইসে কর্মচারীর সহিত অফিসিয়াল যোগাযোগ করে নিষ্পত্তি উদ্যোগ নিতে হবে।<br>উচ্চতর গ্রেড প্রাপ্তির বিষয়টি পূর্ববর্তী সভায় সেবা মনিটরিং কার্যক্রমের আওতায় আনার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছিল। কিন্তু বর্তমান প্রতিবেদনে বিষয়টি অন্তর্ভুক্ত নেই। পরবর্তী সভায় সেবা মনিটরিং কার্যক্রমের প্রতিবেদনে বিষয়টি অন্তর্ভুক্ত করে উপস্থাপন করতে হবে।<br>টেলিযোগাযোগ অধিদপ্তরে বিভিন্ন বিষয়ে সেবা নিতে আসা কর্মকর্তা-কর্মচারীগণকে প্রত্যাশিত সেবা প্রাপ্তির প্রায়শঃই সুনির্দিষ্ট অভিযোগ অতিরিক্ত মহাপরিচালক (রেগুলেটরি) মহোদয়ের গোচরে এসেছে মর্মে কর্মকর্তা জানিয়েছেন। ফলে সেবাপ্রত্যাশীগণকে কাংখিত সময়ে ও উত্তম সেবা পাচ্ছেন না। এ পর্যায়ে পরিচালক (অর্থ) মহোদয় যেসকল অভিযোগ তাঁর কাছে আসছে সেই অভিযোগগুলি অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) প্লাটফরমের মাধ্যমে দাখিল করার জন্য অনুরোধ করেন অথবা সরাসরি অভিযোগ বাক্সে অভিযোগপত্র দাখিল করার জন্য অনুরোধ করেন। এছাড়া অধিদপ্তরের বিভিন্ন স্থানে লাগানো লিফলেট অনুযায়ী সরাসরি মহাপরিচালক মহোদয়ের নিকট অভিযোগ জানানোর ব্যবস্থা রয়েছে। | ১) সেবা মনিটরিং প্রতিবেদন সমন্বয় সভার অন্ততঃ ০১ (এক) দিন আগে সকলকে ইমেইলের মাধ্যমে অবগত করতে হবে।<br>২) সিএএন্ডএফও অফিসের আপত্তিকৃত পেনশন কেইসগুলি জরুরী ভিত্তিতে নিষ্পত্তির ব্যবস্থা নিতে হবে।<br>৩) অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) প্লাটফরমে কোন অভিযোগ উপস্থাপিত হলে বিধি মোতাবেক তা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা নিতে হবে।<br><br>২৫/৭/২২ | ১) আহ্বায়ক, সেবা মনিটরিং কমিটি<br>২) অর্থ অনুবিভাগ<br>৩) অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)<br><br>২৫/৭/২২ |

২৫/০৭/২০২২
আহসান উল্লাহ
উপ-পরিচালক (প্রশাসন)
টেলিযোগাযোগ অধিদপ্তর

২৫/৭/২২ পাতা-০৬/০৬
(প্রকৌঃ মোঃ মফিজ উদ্দিন)
পরিচালক (প্রশাসন)
টেলিযোগাযোগ অধিদপ্তর

(মোঃ তাসকিনুর র...)
অতিরিক্ত মহাপরিচালক (রে...)
টেলিযোগাযোগ অ...

মোঃ আব্দুল মোকাদ্দেম
মহাপরিচালক (অঃ দাঃ)
টেলিযোগাযোগ অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা।
ফোন-০২-৯৮৩০৯১১

| ক্র. | আলোচ্য বিষয়ের শিরোনাম | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| ৫) | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২১-২০২২) বাস্তবায়নে টেলিযোগাযোগ অধিদপ্তরের অর্জন | টেলিযোগাযোগ অধিদপ্তর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২১-২০২২) এর অর্জনের ক্ষেত্রসমূহ, মোট নম্বর ও প্রাপ্ত নম্বর-<br>ক) দপ্তর ও সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র (মোট নম্বর ৭০) : প্রাপ্ত নম্বর ৬৭<br>খ) সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন (মোট নম্বর ৩০ প্রাপ্ত নম্বর ২৯.৮৩ (প্রাপ্ত মোট নম্বর : ১০০ এর মধ্যে ৯৬.৮৩) | ১) ২০২১-২০২২ অর্থ বছরে এপিএতে ৯৬.৮৩% নম্বর অর্জন করার জন্য এই অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারী নিরলসভাবে পরিশ্রম করেছেন। তাঁদের সকলকে মহাপরিচালক মহোদয় ধন্যবাদ জ্ঞাপন করেন।<br>২) ২০২১-২০২২ অর্থ বছরের এপিএতে অগ্রগন্য ভুমিকা পালনকারী-<br>ক) টেলিযোগাযোগ অধিদপ্তরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নে ইনোভেশন টিমের অসাধারণ সাফল্যের কারণে টেলিযোগাযোগ অধিদপ্তর ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন সকল দপ্তর/ সংস্থার মধ্যে প্রথম স্থান অধিকার করেছে এবং এপিএতে নির্ধারিত পূর্ণ নম্বর অর্জন করেছে।<br>খ) অতিরিক্ত মহাপরিচালক (কারিগরি), পরিচালক (সমন্বয়-পিএসটিএন ও গেটওয়ে) ও সিটিডিআর সেন্টার, উপপরিচালক (সমন্বয়-পিএসটিএন ও গেটওয়ে), উপপরিচালক (সম্পদ ব্যবস্থাপনা-পিএসটিএন ও গেটওয়ে) এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিষ্ঠা ও কর্মদক্ষতার কারণে ইন্টারনেট ব্যান্ডউইথ মনিটরিংয়ের ক্ষেত্রে এপিএ লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।<br>গ) সেবা সমীক্ষা প্লাটফরম এর বিষয়ে পরিচালক (ফ্রিকোয়েন্সি ব্যবস্থাপনা), উপপরিচালক (আইটিইউ) ও উপপরিচালক (টেলিকম নিরাপত্তা) গুরুত্বপূর্ণ ভুমিকা রেখেছেন। যাহার ফলে সেবা সমীক্ষার লক্ষ্যমাত্রা সফলভাবে অর্জিত হয়েছে।<br>ঘ) ষ্ট্যান্ডার্ডাইজেশন প্রতিবেদন প্রণয়নে উপপরিচালক (সম্পদ ব্যবস্থাপনা-মোবাইল) গুরুত্বপূর্ণ ভুমিকা রাখায় লক্ষ্যমাত্রা সাফল্যজনকভাবে অর্জিত হয়েছে।<br>ঙ) উপপরিচালক (প্রশিক্ষণ) ২৫টি প্রশিক্ষণ কোর্স লক্ষ্যমাত্রা সফলভাবে অর্জন করেছেন।<br>চ) পরিচালক (প্রশাসন), উপপরিচালক (প্রশাসন), উপপরিচালক (আইসিটি পরিকল্পনা) এবং প্রশাসন বিভাগের সকল কর্মকর্তা ও কর্মচারীদের নিরলস পরিশ্রমে সংশ্লিষ্ট এপিএ এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।<br>ছ) পরিচালক (অর্থ), উপপরিচালক (অর্থ) এবং অর্থ বিভাগের সকল কর্মকর্তা ও কর্মচারীদের নিরলস পরিশ্রমে সংশ্লিষ্ট এপিএ এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। | বিগত বছরের ন্যায় চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে টেলিযোগাযোগ অধিদপ্তরের এপিএ এর বিভিন্ন লক্ষ্যমাত্রা অর্জনের সকল কর্মকর্তা ও কর্মচারীকে সচেষ্ট থাকার জন্য আহ্বান জানানো হয়। | অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ |

২৬/০৯/২০২২
আহাম্মদ উল্লাহ
উপ-পরিচালক (প্রশাসন)
টেলিযোগাযোগ অধিদপ্তর
৪২৩-৪২৮, তেজগাঁও শি/এ, ঢাকা-১২০৮
ফোন: ০২-৯৮৩০৯৩৩

পাতা-০৪/০৬।

(প্রকৌঃ মোঃ রফিকুল উদ্দিন)
বিসিএস (প্রশাসন)
পরিচালক (প্রশাসন)
টেলিযোগাযোগ অধিদপ্তর
৪২৩-৪২৮, তেজগাঁও শি/এ, ঢাকা-১২০৮
ফোন: ০২-৯৮৩০৪০০

২৬/৯/২২
(মোঃ তাসকিনুর ...)
অতিরিক্ত মহাপরিচালক
টেলিযোগাযোগ ...
৪২৩-৪২৮, তেজ...
টেলিফোন: + ৮৮০...

২৬/৯/২২
মোঃ আব্দুল মোকাদ্দেম
মহাপরিচালক (অঃ দাঃ)
টেলিযোগাযোগ অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা।
ফোন-০২-৯৮৩০৯১১

| ক্র. | আলোচ্য বিষয়ের শিরোনাম | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| ৫) | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২১-২০২২) বাস্তবায়নে টেলিযোগাযোগ অধিদপ্তরের অর্জন | টেলিযোগাযোগ অধিদপ্তর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২১-২০২২) এর অর্জনের ক্ষেত্রসমূহ, মোট নম্বর ও প্রাপ্ত নম্বর-<br>ক) দপ্তর ও সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র (মোট নম্বর ৭০) : প্রাপ্ত নম্বর ৬৭<br>খ) সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন (মোট নম্বর ৩০ প্রাপ্ত নম্বর ২৯.৮৩ (প্রাপ্ত মোট নম্বর : ১০০ এর মধ্যে ৯৬.৮৩) | ২)<br>জ) এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপপরিচালক (ইউএসওএফ ব্যবস্থাপনা) নিষ্ঠা, আন্তরিকতা ও দক্ষতার সাথে দায়িত্ব পালন করায় সমস্ত প্রতিবেদন, সভা ও অন্যান্য কার্যক্রম সন্তোষজনকভাবে সমাপ্ত করা সম্ভব হয়েছে। | বিগত বছরের ন্যায় চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে টেলিযোগাযোগ অধিদপ্তরের এপিএ এর বিভিন্ন লক্ষ্যমাত্রা অর্জনের সকল কর্মকর্তা ও কর্মচারীকে সচেষ্ট থাকার জন্য আহ্বান জানানো হয়। | অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ |
| | | | ৩) ২০২১-২০২২ অর্থ বছরে এপিএতে "সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা ডিজিটালকরণ" শীর্ষক প্রকল্পের আওতায় ডিজিটাল ক্লাশরুম স্থাপনের লক্ষ্যমাত্রা ছিল ১৫৮০ টি। জুন, ২০২২ এপিএ প্রতিবেদন অনুযায়ী ১২২৩ টি ডিজিটাল ক্লাশরুম স্থাপিত হয়েছে। প্রকল্প কার্যালয় এ বিষয়ে একটি ব্যাখ্যা মহাপরিচালক মহোদয় বরাবরে প্রেরণ করবেন। | প্রকল্প কার্যালয় এ বিষয়ে একটি ব্যাখ্যা মহাপরিচালক মহোদয় বরাবরে প্রেরণ করবেন।" | প্রকল্প পরিচালক "সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা ডিজিটালকরন" শীর্ষক প্রকল্প |
| ৬) | টেলিযোগাযোগ অধিদপ্তরের পিআরএল ভোগরত কর্মচারীগণের পুঞ্জীভূত বেতন-ভাতা প্রদান | টেলিযোগাযোগ অধিদপ্তরের পিআরএল ভোগরত কর্মচারীগণের মার্চ ২০২০ হতে জুন ২০২২ পর্যন্ত ১,৯৩,৮৮,৩৭৯.০০ টাকা বকেয়ার বিপরীতে ৫ টি ট্রেজারী চেক পাওয়া গিয়াছে।<br>ইতোমধ্যে ৩টি চেকের ১,৭৭, ৪২,৭৩২.০০ টাকা ইএফটি করা হয়েছে। অবশিষ্ট ১৬,৪৫,৬৪৭.০০ টাকা দ্রুত সময়ে ইএফটি করা হবে।<br>ক) বকেয়া নববর্ষ ভাতা ১,৫৫,৮৮৪.০০<br>খ) বকেয়া উৎসব ভাতা ১৫,৫৯,২৪০.০০<br>গ) পিআরএল ভোগরত কর্মচারীদের বকেয়া বেতন ৩৩,০১,০৫৮.০০<br>ঘ) পিআরএল সমাপ্ত কর্মচারীদের বকেয়া বেতন ১,৪২,৮৫,৭৯০.০০<br>ঙ) পিআরএল ভোগরত ওসমাপ্ত কর্মচারীদের বকেয়া বেতন ৮৬,৪০৭.০০<br><br>মোট : ১,৯৩,৮৮,৩৭৯.০০ | বকেয়া বেতন ভাতা প্রদানের বিষয়ে জুন, ২০২২ মাস পর্যন্ত আপডেট করায় ভবিষৎতে সমস্যা আর হবে না। | ভবিষৎতে বেতন-ভাতা প্রদানে যেন কোন বকেয়া না হয় সেদিকে দৃষ্টি রাখতে হবে। | পরিচালক (অর্থ) ও উপপরিচালক (অর্থ) |

২৫/০৯/২০২২
আহাম্মদ উল্লাহ
উপ-পরিচালক (প্রশাসন)
টেলিযোগাযোগ অধিদপ্তর
৪২৩-৪২৮, তেজগাঁও শি/এ, ঢাকা-১২০৮
ফোন: ০২-৯৮৩০৯৩৩

২৫/৯/২২
(প্রকৌঃ মোঃ মফিজ উদ্দিন)
পরিচালক (টেলিকম)
টেলিযোগাযোগ অধিদপ্তর
৪২৩-৪২৮, তেজগাঁও শি/এ, ঢাকা-১২০৮।
ফোন: ০২-৯৮৩০৪০০

২৫/৯/২২
(মোঃ তাসকিনুর রহমান)
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাঃ ও অর্থ)
টেলিযোগাযোগ অধিদপ্তর
৪২৩-৪২৮, তেজগাঁও শি/এ, ঢাকা-১২০৮
টেলিফোন: +৮৮০২-০২-৯৮৩১

২৫/৯/২২
মোঃ আব্দুল মোকাদ্দেম
মহাপরিচালক (অঃ দাঃ)
টেলিযোগাযোগ অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা।
ফোন-০২-৯৮৩০৯১১

| ক্র. | আলোচ্য বিষয়ের শিরোনাম | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| ৭) | বিবিধ | সভায় উপস্থিত কর্মকর্তাগণ সভাপতি ও মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর মহোদয়ের অনুমতিক্রমে নির্ধারিত এজেন্ডার বাইরে সুনির্দিষ্ট ও প্রাসঙ্গিক বিষয়ে আলোচনা করতে পারেন। | ১) অতিরিক্ত মহাপরিচালক (রেগুলেটরি) মহোদয় সভায় নিম্নলিখিত বিষয়গুলি উপস্থাপন করেন-<br>ক) বঙ্গবন্ধু কর্ণার স্থাপন।<br>খ) মহিলাদের জন্য পৃথক ওয়াশরুম ও নামাজের স্থান করা<br>গ) সুবিধা বঞ্চিত প্রাইমারী স্কুল প্রকল্পে টিএন্ডটি স্কুল অন্তর্ভুক্ত করা<br>২) পরিচালক (সমন্বয়-পিএসটিএন ও গেটওয়ে) ও সিটিডিআর সেন্টার মহোদয় সভায় নিম্নলিখিত বিষয়গুলি উপস্থাপন করেন-<br>ক) সিটিডিআর সেন্টারের নিরাপত্তা জোরদান করার জন্য আনসার নিয়োগ করতে হবে।<br>খ) সিডিডিআর সেন্টারের সহিত পুরো অফিস ভবনকে ফায়ার ফাইটিং সিস্টেমের আওতায় আনতে হবে।<br>৩) পরিচালক (অর্থ) সভায় নিম্নলিখিত বিষয়গুলি উপস্থাপন করেন-<br>ক) অর্থ শাখার কক্ষসমূহ জেনারেটরের আওতায় আনার ব্যবস্থা নেয়া<br>খ) অর্থ শাখার নষ্ট কম্পিউটার এবং ইউপিএস মেরামতের ব্যবস্থা নেয়া যার রিকুইজিশন ইতোমধ্যে প্রশাসন শাখা বরাবরে প্রেরণ করা হয়েছে।<br>গ) কর্মকর্তা-কর্মচারীর পেনশন নথিসমূহ সংরক্ষণের জন্য প্রয়োজনীয় আসবাবপত্রের রিকুইজিশন ইতোমধ্যে প্রশাসন শাখা বরাবর প্রেরণ করা হয়েছে। | ১ (ক) : বঙ্গবন্ধু কর্ণারের জন্য নির্ধারিত ৩য় তলার বারান্দা সংলগ্ন স্থানটি প্রয়োজনীয় পূর্তকাজ জরুরী ভিত্তিতে সম্পাদন করতে হবে।<br>১ (খ) : এ বিষয়ে জিএম (টিটিসি) এর সাথে আলোচনা করে একটি সুবিধাজনক স্থান নামাজের জন্য নির্ধারণ করতে হবে।<br>পৃথক ওয়াশ রুমের ব্যবস্থা জুলাই, ২০২২ মাসের মধ্যে নির্ধারণ করতে হবে।<br>১ (গ) : প্রকল্প পরিচালক, সুবিধা বঞ্চিত প্রাইমারী স্কুল প্রকল্প এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।<br>২ (ক) : আনসারদের অবস্থান এবং তাঁদের অস্ত্র রাখার জন্য প্রয়োজনীয় রুম বরাদ্দ করতে হবে।<br>২ (খ) : এ বিষয়ে প্রয়োজনীয় প্রাক্কলন তৈরি কার্যক্রম সম্পন্ন করা জন্য জুলাই, ২০২২ এর মধ্যে প্রকিউরমেন্ট শাখায় প্রেরণ করতে হবে।<br>৩ (ক) : জেনারেটরের লোড বিবেচনা করে এ বিষয়ে ব্যবস্থা নিতে হবে। তবে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রসমূহ জেনারেটরের আওতা বহির্ভূত থাকবে। শুধুমাত্র লাইট ও ফ্যানের সংযোগগুলি জেনারেটরের মাধ্যমে প্রদান করা যায় কিনা সেই বিষয়ে সম্ভাব্যতা যাচাই করে কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>৩ (খ) : নষ্ট কম্পিউটার ও ইউপিএস অতি দ্রুত মেরামতের ব্যবস্থা নিতে হবে।<br>৩ (গ) : প্রয়োজনীয় আসবাবপত্র অগ্রাধিকার ভিত্তিতে সংগ্রহের ব্যবস্থা নিতে হবে। | ১ (ক) : পরিচালক (প্রশাসন) ও পরিচালক (আইসিটি)<br>১ (খ) : পরিচালক (প্রশাসন) ও উপপরিচালক (প্রশাসন)<br>১ (গ) : প্রকল্প পরিচালক<br>২ (ক): পরিচালক (প্রশাসন) ও উপপরিচালক (প্রশাসন)<br>২ (খ) : পরিচালক (প্রশাসন) ও উপপরিচালক (প্রশাসন)<br>৩ (ক) : পরিচালক (সমন্বয়-পিএসটিএন ও গেটওয়ে) ও অতিরিক্ত দায়িত্ব সিটিডিআর সেন্টার, পরিচালক (প্রশাসন) ও পরিচালক (অর্থ)<br>৩ (খ) : পরিচালক (আইসিটি), পরিচালক (প্রশাসন) ও পরিচালক (অর্থ)<br>৩ (গ): পরিচালক (আইসিটি), পরিচালক (প্রশাসন) |

২৬/০৭/২০২২
আহাম্মদ উল্লাহ
উপ-পরিচালক (প্রশাসন)
টেলিযোগাযোগ অধিদপ্তর

২৬/৭/২২
(প্রকৌঃ মোঃ মফিজ উদ্দিন)
বিসিএস (টেলিকম)
পরিচালক (প্রশাসন)
টেলিযোগাযোগ অধিদপ্তর

২৬/৭/২২
(মোঃ তাসকিনুর রহমান)
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাঃ ও অর্থ)
টেলিযোগাযোগ অধিদপ্তর

২৬/৭/২২
মোঃ আব্দুল মোকাদ্দেম
মহাপরিচালক (অঃ দাঃ)
টেলিযোগাযোগ অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা।
ফোন-০২-৯৮৩০৯১১